



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

## প্রেস রিলিজ

**বঙ্গবন্ধুর স্বপ্ন ও বঙ্গবন্ধু কন্যার স্বপ্ন পূরণে নিবেদিত থাকি**  
-বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনায় প্রফেসর ড. আতিউর রহমান

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ ডিসেম্বর ২০২০।

বঙ্গবন্ধু যে গতিশীল বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন তারই ধারাবাহিকতায় দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাই শত প্রতিকূলতা পেড়িয়ে সফল হওয়ার যে সংস্কৃতি তিনি গড়ে তুলেছেন সেটিই আমাদের সাহস যোগাচ্ছে জাতীয় উন্নয়নের স্বপ্ন পূরণের লড়াইয়ে এগিয়ে যাওয়ার। বঙ্গবন্ধুর পূণ্য আত্মার প্রতি শপথ রেখে এবং শহীদ বুদ্ধিজীবীদের আত্মার প্রতি শপথ রেখে আসুন আমরা বঙ্গবন্ধুর স্বপ্ন ও বঙ্গবন্ধু কন্যার স্বপ্ন পূরণে নিবেদিত থাকি এবং বাংলাদেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাই। শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২০ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় এ কথাগুলো বলেন সভায় প্রধান বক্তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর বিশিষ্ট অর্থনীতিবিদ প্রফেসর ড. আতিউর রহমান। এর আগে জাতির সূর্যসন্তানদের আত্মত্যাগকে স্মরণীয় করে রাখতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকাল ৯.৩০ টায় ববির কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। উপাচার্য মহোদয়ের শ্রদ্ধা নিবেদনের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। দিবসটির তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে সকাল ১১ টায় ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন জাতির শ্রেষ্ঠ সন্তান হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শহীদ বুদ্ধিজীবী এবং ১৫ আগস্টে বঙ্গবন্ধু পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্য ও বরিশালের কৃতি সন্তান শহীদ আব্দুর রব সেরনিয়াবাতসহ তাঁর পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, মুক্তিযোদ্ধারা যে স্বাধীন সার্বভৌম বাঙালী জাতি তথা রাষ্ট্রের স্বপ্ন দেখেছিলেন সে স্বপ্নপূরণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ যখন দুর্বীর গতিতে এগিয়ে চলেছে ঠিক তখনই এ দেশটির গাঁয়ে ধর্মাত্মতা ও মৌলবাদের তকমা লাগিয়ে দেশটিকে পিছিয়ে নেয়ার অপচেষ্টা চলছে। আমাদেরকে এ চক্রান্তের বিরুদ্ধে সড়ব হতে হবে। মনে রাখতে হবে বাংলাদেশ মানেই বঙ্গবন্ধু, বঙ্গবন্ধুর চেতনাই বাংলাদেশের চেতনা। আমরা যারা এ প্রজন্মের আছি আমাদের উচিত বঙ্গবন্ধুর আদর্শকে আগামী প্রজন্মের মধ্যে ছড়িয়ে দেয়া। দিবসটি উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক রিফাত ফেরদাউস, ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক আবু জাফর মিয়া, আইন বিভাগের সহকারী অধ্যাপক সুপ্রভাত হালদার, লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক তাসনুভা হাবিব জিসান, অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জ্যোতির্ময় বিশ্বাস ও শিক্ষক সমিতির সভাপতি ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেন। সভাটি সম্বলনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ খোরশেদ আলম। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বিশেষ রচনা প্রতিযোগিতারও আয়োজন করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর দোয়া এবং মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস